হাওড়ার নিঃশ্বাস
আমাদের বিশ্বাস
নির্ভীক, নিরপেক্ষ
পাক্ষিক পত্রিকা
'আজকের হাওড়া'

# আজকের হাওড়া


## AAJKER HOWRAH

খুশির ঈদ উপলক্ষ্যে
সকল পাঠক পাঠিকা ও
শুভানুধ্যায়ীদের
জানাই আন্তরিক
শুভেচ্ছা ও অভিনন্দন।
অমিত কুমার ঘোষ
(সম্পাদক) 'আজকের হাওড়া'

Vol : 7, Issue : 13, SAT, 22nd Day of March, 2025 RNI No. WBBEN/2018/81666. Rupees : Three (Rs. 3)

### জনতা জনার্দনকে ধোঁকা দিয়ে ধর্মীয় ভাবাবেগকে কাজে লাগিয়ে

# ইদানিং ভোট বৈতরণী পেরোতে চায় রাজনৈতিক দলগুলো







**নারায়ণ রতন দত্ত**

একটা সময় সাম্প্রদায়িক সম্প্রীতির নিদর্শন স্বরূপ জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে যে যার মতো করে পালন করা হতো। প্রতিদিন ভোরে মন্দিরে মন্দিরে কাঁসর ঘন্টা সহ মঙ্গল আরতি'র পাশাপাশি মসজিদে মসজিদে আজানের ধ্বনি এবং গীর্জায় গীর্জয়া প্রার্থনা শোনা যেতো। এখনো অবশ্যই শোনা যায়। কিছু একরকম অজান্তেই আশ্চর্য জনক ভাবে রাজনৈতিক অনুপ্রবেশ ঘটে চলেছে ধর্মীয় স্থানগুলোতে। যেটা মোটেও কাম্য নয়। সুখকর তো নয়ই। ধর্ম যার যার উৎসব সবার এই আপ্তবাক্যটি প্রতিটি রাজনৈতিক নেতা নেত্রীদের মুখে শোনা গেলেও আদতে বাস্তবে তা রূপায়িত হচ্ছে না অধিকাংশ ক্ষেত্রে। যে যার মতো ধর্মকে সামনে রেখে নিজেদের স্বার্থ সিদ্ধির পথে এগিয়ে চলেছে। সবটাই ভোটমুখী। ধর্মীয় ভাবাবেগকে কাজে লাগিয়ে আপামর জনসাধারণের মন জয় করার উদ্দেশ্য ছাড়া আর কিছুই নয়। সাধারণত বেশিরভাগ সাধারণ

এরপর দুয়ের পাতায়

# উপযুক্ত পরিকাঠামোর অভাবে হাওড়া জেলা হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা তলানিতে এসে ঠেকেছে




ছবি ঃ বুলবুল



**শ্রীকান্ত ঘোষ**

রাজ্যের জেলায় জেলায় সরকারি হাসপাতালগুলোতে পরিকাঠামো উন্নয়নের পাশাপাশি পরিষেবায় গুণমান বাড়ানোর ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার নির্দেশ দিয়েছেন স্বয়ং মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যদিও মুখ্যমন্ত্রীর নির্দেশ কতটা কার্যকরি করা হচ্ছে তা নিয়ে প্রশ্ন উঠেছে। অধিকাংশ সরকারি হাসপাতালগুলোতে পর্যাপ্ত পরিমাণে শয্যার অভাব, চিকিৎসকদের অপ্রতুলতা তো রয়েছেই। এছাড়াও অধিকাংশ সময়ই রোগীরা বেড না পেয়ে মাটিতে কম্বলের ওপরে শুয়ে থাকতে বাধ্য হয় এমনি অভিযোগ। এমনকি দালাল চক্রের অভিযোগও রয়েছে একইরকম। সব মিলিয়ে সরকারি হাসপাতালগুলোতে বেহাল অবস্থা অব্যাহত বলাই বাহুল্য। উল্লেখ্য, জেলার স্বাস্থ্য পরিকাঠামোকে আরও উন্নত করতে এবং দুর্ঘটনাগ্রস্ত রোগীকে রেফারের ঝুঁকি কমাতে হাওড়া জেলা হাসপাতালে তৈরি করা হয়েছে হাইব্রিড ক্রিটিকাল কেয়ার ইউনিট। দু'মাস আগেই শেষ হয়েছে এইচসিসিইউ'র কাজ। অথচ পর্যাপ্ত মেডিক্যাল অফিসারের অভাবে এখনও সেখানে রোগী পরিষেবা শুরু করা যায়নি। বাধ্য হয়ে বর্তমানে এইচসিসিইউতেই শিশু বিভাগ চালাতে হচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষকে। অন্যদিকে জেলা হাসপাতালে ইতিমধ্যেই ক্রিটিকাল

এরপর দুয়ের পাতায়

# দীর্ঘ ২৮৬ দিন মহাকাশে কাটিয়ে সফলভাবে পৃথিবীতে ফিরলেন সুনীতা উইলিয়ামস সহ তার সহযাত্রীরা



পৃথিবীতে অবতরণের পরে হাসিমুখে মহাকাশচারীদের প্রথম ছবি। ছবি: রয়টার্স।

**শ্রীকান্ত ঘোষ**

অবশেষে অপেক্ষার অবসান। ২৮৬ দিন পর নিরাপদে পৃথিবীতে ফিরলেন ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান মহাকাশচারী সুনীতা উইলিয়ামস এবং তাঁর সঙ্গী বুচ উইলমোর।

বুধবার ভোর ৩টে ২৭ মিনিট নাগাদ (ভারতীয় সময়) তাঁদের নিয়ে ইলন মাস্কের সংস্থা স্পেসএক্সের মহাকাশযান ফ্লরিডার সমুদ্রে অবতরণ করেছে। মহাকাশ থেকে পৃথিবী পর্যন্ত সুনীতাদের এই প্রত্যাবর্তন নিরাপদে হয়েছে বলে জানিয়েছে নাসা। তাঁদের সঙ্গে একই মহাকাশযানে ফিরেছেন নাসার নিক হগ এবং রুশ নভশ্চর আলেকজান্ডার গর্বুনভ। ঘরের মেয়ে ঘরে ফিরছে, রাত ভোর তাই জেগেছিলেন অনেকেই। সুনীতা উইলিয়ামস পৃথিবীতে ফিরতেই উচ্ছ্বাসে ভাসছে গোটা বিশ্ব আর সেই আবহেই অভিনব মুহূর্তের সাক্ষী হলেন সকলে। আটলান্টিক মহাসাগরে সুনীতাদের ঘিরে লাফিয়ে বেরাতে দেখা গেল ডলফিনের দলকে। মঙ্গল-বুধের ভোর রাতে আটলান্টিক মহাসাগরে অবতরণ করে ইলন মাস্কের স্পেসএক্সের ৯ মহাকাশযানের ক্যাপসুল ট্রি। সেই ক্যাপসুলের মধ্যেই ছিলেন সুনীতা সহ সহযাত্রীরা। জল থেকে সুনীতাদের তুলে আনতে আগে থেকেই মোতায়েন ছিল স্পেসএক্সের জাহাজ। স্পিড বোটে চেপে ক্যাপসুলের একবারে গা ঘেঁষে বোট ভাসিয়ে নিয়ে যান স্পেসএক্সের কর্মীরা। দেখা যায় ক্রিউ-৯ ক্যাপসুলটি। মঙ্গলবার পৃথিবীতে ফিরলেও এখনই বাড়ি ফেরা হচ্ছেন সুনীতাদের। আপাতত কোয়ারান্টিনে থাকতে হবে সকলকে।

উল্লেখ্য গত বছর জনু মাসে সুনীতারা মহাকাশের উদ্দেশ্যে পাড়ি দিয়েছিলেন। তার পর থেকে তাঁদের ঠিকানা ছিল আর্ন্তজাতিক মহাকাশ স্টেশন। মঙ্গলবার সকাল ১০টা ৩৫ মিনিটে (ভারতীয় সময়) সুনতীদের নিয়ে আর্ন্তজাতিক মহাকাশ স্টেশন (আই এস এস) ছাড়ে স্পেসএক্সের ড্রাগন যান।



১৪ মার্চ সকালে দাশনগর মেলাতলায় কোয়ার্টারে দোল পূর্ণিমা উপলক্ষে 'উৎকল সমাজ' আয়োজিত ৭৩তম বর্ষের হরিনাম সংকীর্তন ও অন্নকূট উৎসবের সমাপনের পর নগর ভ্রমণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমগ্র অনুষ্ঠানের প্রধান উপদেষ্টা তথা সমাজসেবী বিভাস হাজরা। হরিনাম সংকীর্তনে উপস্থিত ছিলেন অসংখ্য ভক্তগণ। পাশাপাশি ভোগ বিতরণে বহু মানুষের সমাগম ছিল চোখে পড়ার মতো। ভোগ পেয়ে প্রত্যেকেই খুশি মনে বাড়ি ফিরে গেছেন। নিজস্ব চিত্র



দোলযাত্রা উপলক্ষ্যে হাওড়ার চারাবাগান হরিসভা বারোয়ারির উদ্যোগে বিশেষ পুজো ও অন্নকূট উৎসব হয়ে গেল মহাসমারোহে।



বেলুড় অ্যাথলেটিক ক্লাবের উদ্যোগে বসন্ত উৎসবে হাওড়া পুরসভার প্রাক্তন কাউন্সিলর তথা আইনজীবী ও সংশ্লিষ্ট ক্লাবের সদস্য বেবী প্রামানিক ও অন্যান্য সদস্যরা দোলের আনন্দে মাতোয়ারা। নিজস্ব চিত্র

## ভোট বৈতরণী পেরোতে চায়

*প্রথম পাতার পর*

মানুষ ধর্ম ভিরু। প্রত্যেকের কাছেই তার নিজের ধর্ম সবার আগে। আর সেখানেই সুড়সুড়ি দিয়ে ফায়দা লোটার চেষ্টা চালিয়ে যাচ্ছে ডান-বাম সহ সব রাজনৈতিক দলের নেতা-নেত্রীরা। বিশেষ করে যেকোনো নির্বাচনের আগে ধর্মের তাস খেলে জনগণের মন পেতে মরিয়া হয়ে ওঠে রাজনৈতিক দলগুলো। জনতা জনার্দন-এর কাঁধে ভর দিয়ে নির্বাচনী বৈতরণী পার হতে পারলেই কেল্লা ফতে। এদের কাছে রাজনীতি আর ধর্ম সমার্থক শব্দ বলাই বাহুল্য।



**দোল ও হোলির প্রাক্কালে সমাজের পিছিয়ে পড়া মানুষদের মধ্যে রঙের আনন্দে ভরিয়ে দিতে অভিনব উদ্যোগ নেয় মহিলা পরিচালিত স্বেচ্ছাসেবী সংগঠন 'সম্পূর্ণা'। হাওড়ার লিলুয়া বড়ো গেট সংলগ্ন গৃহহারা অসহায় কিছু পুরুষ ও মহিলাদের আশ্রয় স্থলে গিয়ে দোল ও হোলির আনন্দ ভাগ করে নেয় সম্পূর্ণার সদস্যরা।**

## স্বাস্থ্য পরিষেবা তলানিতে

*প্রথম পাতার পর*

কেয়ার ইউনিট পরিষেবা চালু হয়েছে। পাঁচজন মেডিক্যাল অফিসার সেখানে কাজ করছেন। কিন্তু নতুন তৈরি হওয়া ২৪ শয্যার এইচসিসিইউ'র জন্য প্রয়োজন আরও অন্তত আটজন মেডিক্যাল অফিসার।

হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, ২৪ শয্যার এইচসিসিইউর জন্য প্রায় সাড়ে তিন হাজার বর্গফুট ঘরের প্রয়োজন। সেজন্য হাওড়া জেলা হাসপাতালের নিউ বিল্ডিংয়ের উপরের অংশকে বেছে নেওয়া হয়েছিল। এখানে ২৪টি বেডের মধ্যে ৮টি ক্রিটিক্যাল কেয়ার ইউনিট বেড এবং ১৬টি হাই ডিপেন্ডেন্সি ইউনিট বেড রাখা হয়েছে। চিকিৎসকরা বলেন, যে কোনও দুর্ঘটনার পরবর্তী এক ঘন্টাকে 'গোল্ডেন আওয়ার' বলা হয়। এই সময়ের মধ্যে আশঙ্কাজনক রোগীকে উদ্ধার করে যত তাড়াতাড়ি চিকিৎসা দেওয়া সম্ভব, রোগীর বিপদমুক্ত হওয়ার সম্ভাবনা ততটাই বেশি। কিন্তু বেশিরভাগ সময়ে দুর্ঘটনায় গুরুতর জখম রোগীকে অ্যাম্বুলেন্স থেকে নামিয়ে সিসিইউ পর্যন্ত নিয়ে যেতে হয়, এরপর আবার সিটি স্ক্যানের জন্য ফের হাসপাতালের অন্য প্রান্তে নিয়ে যেতে হয়। পুরো বিষয়টিতেই সময় নষ্টের পাশাপাশি রোগীর পরিজনদের ভোগান্তি অনেকটাই বেড়ে যায়। তবে এইচসিসিইউ'তে সমস্ত পরিষেবা একসঙ্গে পাওয়া সম্ভব।

দিনের পর দিন হাওড়া জেলা হাসপাতালের জরুরি বিভাগে যেভাবে দুর্ঘটনাগ্রস্ত রোগীর সংখ্যা বাড়ছে, তাতে এইচসিসিইউ দ্রুত চালু করা উচিত বলে মনে করছে সাধারণ মানুষ থেকে চিকিৎসকদের একাংশ।

## সম্পাদকের কলমে

# গরম পড়ার সঙ্গে সঙ্গে জল যন্ত্রনা বেড়েছে হাওড়ার বিভিন্ন ওয়ার্ডে

অন্যান্য বছরের মতো এবারও গরম পড়ার সঙ্গে সঙ্গে চরম জলকষ্ট শুরু হয়েছে গোটা হাওড়া শহরজুড়ে। পুরসভার অধিকাংশ কলের মুখ থেকে ছিটে ফোঁটা জল পড়ে না। গভীর নলকূপগুলোর অবস্থা খুবই খারাপ। কোথাও কলের পাইপ ভাঙা আবার কোথাও টিউবয়েলের কোনো অস্তিত্ব নেই। উত্তর থেকে দক্ষিণ পুরসভার বেশিরভাগ কলের জলে নোংরা আবর্জনা বেরোয় বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। এমনকি সামান্য বৃষ্টি হলে নর্দমার নোংরা জল পাইপ লাইনে ঢুকে গিয়ে কলের মুখ দিয়ে দুর্গন্ধযুক্ত জল বেরোচ্ছে কলগুলো থেকে। ইতিমধ্যে বিভিন্ন এলাকায় পুরসভার জল সরবরাহ নিয়ে বিক্ষোভ দানা বাঁধছে। এখনি উপযুক্ত ব্যবস্থা না নিলে আসন্ন গরমের দিনে অবস্থা যে ঘোরালো হয়ে উঠবে তা বলার অপেক্ষা রাখে না বলে দাবি স্থানীয় বাসিন্দাদের।





হাওড়া জেলা আদালতে আন্তর্জাতিক নারী দিবস ও দোল উৎসবের অনুষ্ঠানে আইনজীবীদের সামনে বক্তব্য রাখছেন মহামান্য জেলা জজ অভিজিৎ সোম। ছবি ঃ নারায়ণ রতন দত্ত



দোল ও হোলির আনন্দে মাতোয়ারা জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সকলেই।



দোল উপলক্ষ্যে কল্পতরু সংসদের পরিচালনায় বিশেষ নগর ভ্রমণ অনুষ্ঠান। উপস্থিত রয়েছেন ভক্তবৃন্দরা। নিজস্ব চিত্র



হাওড়ার বাগনানের প্রত্যন্ত গ্রাম কড়িয়া'র বাসিন্দা নব কুমার দাস দীর্ঘ বছর হাওড়া কোর্টে মুহুরি হিসেবে কাজ করেন। পেশায় মুহুরি হলেও নেশা বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করা। বিশেষ করে ম্যারাথন। দৌড় ও ম্যারাথনে অংশগ্রহণ করে পুরস্কারও পেয়েছেন বেশ কিছু। এবার ২০২৫ কলকাতা পুলিশ আয়োজিত ম্যারাথনে অংশগ্রহণ করে সাফল্য অর্জন করেছেন। কলকাতা পুলিশের পক্ষ থেকে পুরস্কৃত করা হয় ৬৭ বছর বয়সী নব কুমার দাসকে। স্বভাবতই পুরস্কার পেয়ে খুশি নব কুমার বাবু।

## মাঠে ময়দানে



ICC Champions Trophy · Sun, 9 Mar

| New Zealand | India |
|---|---|
| 251/7 (50) | 254/6 (49) |

IND won by 4 wickets (6 balls left)

Final · ODI 15 of 15

গত ৯ মার্চ আইসিসি চ্যাম্পিয়ন ট্রফির ফাইনাল ম্যাচ হয়ে গেল দুবাই ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে। টান টান উত্তেজনার মধ্যে খেলা শুরু হয় ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে। টসে জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয় নিউজিল্যান্ড। ৭ উইকেটে হারিয়ে তারা করে ২৫১ রান। জবাবে ব্যাট করতে নেমে ৬ উইকেটের হারিয়ে ভারত ২৯ ওভারে ওই রান তুলে নেয়। নিউজিল্যান্ডকে ৪ উইকেটে হারিয়ে দীর্ঘ ১২ বছর পর আইসিসি চ্যাম্পিয়ন ট্রফি জিতে নিল ভারত। ম্যাচের ম্যান অফ দি ম্যাচ ক্যাপ্টেন রোহিত শর্মা। এদিন মাঠে দর্শক সমাগম ছিল নজরকাড়া। ভারতের জয়ের উল্লাসে উচ্ছ্বাসে ফেটে পড়েছিল গোটা মাঠ সহ সমগ্র দেশবাসী। কলকাতা সহ গোটা রাজ্য তথা দেশে সারা রাত ধরে শব্দ বাজি সহ আলোর রোশনাইয়ে আকাশ ছেয়ে যায়।

## আবহাওয়ার খবর

আবহাওড়া দপ্তর সূত্রের খবর, ২০ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সঙ্গে ঝোড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে। সমুদ্র উপকূলে মৎস্যজীবীদের গভীর সমুদ্রে না যাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে।

tummas
Chemist & Druggist
32, Charu Chandra Singha Lane,
Howrah-711 101



FREE HOME DELIVERY
আজই আপনার প্রেসক্রিপশন
Whatsapp করুন
এই নম্বরে
7401010192
upto 22% ছাড় !
সমস্ত ওষুধের উপর
Proprietor
Amit Kumar Ghosh
(Srikanta)
32, Charu Chandra Singha Lane,
Howrah-711 101
Phone :
033 2641 3031
E-mail :
srikantghosh941@gmail.com

আজকের হাওড়া
AAJKER HOWRAH
পত্রিকা আপনাদের কেমন লাগছে
চিঠি দিয়ে এ বিষয়ে মতামত জানান।

বিজ্ঞাপন ও কাগজের জন্য
যোগাযোগ করুন গোরা'র সঙ্গে
মোবাইল - 7685825521

Contact
Ph : 033 2638 2233
E-mail :
srikantaghosh941
@
gmail.com

# দিকে দিকে দোল হোলি ও নানান অনুষ্ঠান

## হাওড়া আদালতে আন্তর্জাতিক নারী দিবস ও বসন্ত উৎসব উদযাপন




**নারায়ণ রতন দত্ত** ঃ আন্তর্জাতিক নারী দিবসকে সম্মান জানিয়ে দোল উৎসবের প্রাক্কালে আইনজীবীবৃন্দ, হাওড়া কোর্ট মহিলা পরিচালিত 'নারী দিবসের আঙিনায় ফাগুনের রঙ্গিন শুভেচ্ছা' শীর্ষক আনন্দঘন অনুষ্ঠান হয়ে গেল হাওড়া কোর্ট প্রাঙ্গণে।

রঙিন ফাগুয়ার রঙে সকলকে রাঙিয়ে দেওয়ার পাশাপাশি সঙ্গীত, নৃত্যানুষ্ঠানে মুখরিত হয়ে ওঠে গোটা আদালত চত্বর। ১২ মার্চ হাওড়া আদালত প্রাঙ্গণে সুদৃশ্য মঞ্চে দোল উৎসব শুরু হয়। সৃজনশীল নৃত্যের সঙ্গে রবীন্দ্রনৃত্য, আদিবাসী নৃত্যানুষ্ঠান উপস্থিত সকলকে মুগ্ধ করে। এদিন সময় যতো এগিয়েছে বসন্তের আবেশে মন ভরে উঠেছে উপস্থিত সকল দর্শক শ্রোতাদের। আইনজীবী হয়েও পারফরম্যান্সে প্রায় প্রত্যেকেই সকলের প্রশংসা অর্জন করেছেন। অনুষ্ঠানে সম্বর্ধনা প্রদান করা হয় বিচারপতি সহ বর্ষীয়ান আইনজীবীদের। উপস্থিত ছিলেন মহামান্য জেলা জজ অভিজিৎ সোম, হাওড়া জেলা আদালতের সরকারি আইনজীবী মদন মোহন ব্যানার্জি, হাওড়া বার অ্যাসোসিয়েশনের সভাপতি উদয় ঘোষ, পশ্চিমবঙ্গ বার কাউন্সিলের সদস্য মিহির ব্যানার্জি, আইনজীবী সুবীর রঞ্জন দাস। অন্যান্য শিল্পীর পাশাপাশি আইনজীবী দেবাদিত্য মুখার্জির গান ছাড়াও আইনজীবী সন্ধ্যা পালের কণ্ঠে স্বরচিত কবিতা পাঠ শ্রোতাদের মন ছুঁয়ে যায়।



'নীল দিগন্তে ওই ফুলের আগুন লাগলো / বসন্তে সৌরভের শিখা জাগলো / নীল দিগন্তে....' গুরুদেব রবীন্দ্রনাথের সৃষ্টি বসন্তকে আহ্বান করার বাণীকে পাথেয় করে অন্যান্য বছরের মতো এবারও হাওড়ার ঐতিহ্যবাহী সাংস্কৃতিক প্রতিষ্ঠান 'হৃদ মাঝারে' আয়োজিত 'হৃদয়ে ঋতু রাজ বসন্ত উৎসব ২০২৫' শীর্ষক মিলন উৎসব অনুষ্ঠিত হয়। ১৫ মার্চ হাওড়ার নবীন সঙ্ঘের মাঠে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে বসন্ত উৎসব পালন করা হয়। দুই সঞ্চালিকা ড. মৌ ভট্টাচার্য ও ঝুমা চ্যাটার্জির নির্দিষ্ট ঘোষণা অনুযায়ী বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সঙ্গীত শিল্পীরা কখনো একক আবার কখনো সমবেত সঙ্গীত পরিবেশন করেন। 'বিশ্বতান' সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রধান তথ্য শিক্ষয়িত্রী সংযুক্তা দে ও তার সম্প্রদায়ের সঙ্গীত পরিবেশনের পর একের পর এক শিল্পীর অনবদ্য পরিবেশনা অবশ্যই উল্লেখযোগ্য। উদ্যোগী সংস্থা হৃদ মাঝারে'র কর্ণধার তথা সঙ্গীত শিল্পী বৈশালী ঘোষ চক্রবর্তীর আমন্ত্রণে উপস্থিত ছিলেন প্রাক্তন কাউন্সিলর তথা সমাজকর্মী মৌসুমী ঘোষ, প্রাক্তন কাউন্সিলর মল্লিকা রায়চৌধুরী, সমাজসেবী সুজিত দত্ত সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। সব মিলিয়ে হৃদ মাঝারে'র অনুষ্ঠান জমজমাট বলাই যায়।



দোল ও হোলির উৎসব উপলক্ষ্যে আনন্দে মাতোয়ারা 'দুর্গা বন্দনা' ভবনের বাসিন্দারা। নিজস্ব চিত্র



হাওড়া বিড়াডিঙ্গী তরুণ বাহিনীর বসন্ত উৎসবকে ঘিরে খুশির মেজাজ ছড়িয়ে পড়েছিল। নাচ গানের পাশাপাশি আবীরের রঙে রাঙিয়ে দেওয়া হয়েছিল সকলকে। নানা অনুষ্ঠানে মাতোয়ারা হয়ে ওঠে তরুণ বাহিনীর নিজস্ব প্রাঙ্গণ। সকলের সঙ্গে উপস্থিত তরুণ বাহিনীর সভাপতি তথা আইনজীবী সুবীর রঞ্জন দাস।



**পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা সেলের উদ্যোগে এক অনুষ্ঠানে অন্যান্যদের সঙ্গে বক্তব্য রাখেন প্রাক্তন কাউন্সিলর তথা আইনজীবী ব্রতেন দাস। উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট শিক্ষা সেলের সভানেত্রী বনশ্রী তলাপাত্র সহ অন্যান্য বিশিষ্ট জনেরা।**

**XEROX, D.T.P., Colour Print, V. Card, School Project, Sprial Binding, Offset Printing Online From Fillup**

**Prop : *Sandip Das***
Mob :-**9804555627**

## বাগনানে রোটারি ক্লাব আয়োজিত আন্তর্জাতিক নারী দিবস পালন




নিজস্ব সংবাদদাতা ঃ সমাজের প্রত্যন্ত অঞ্চলের পিছিয়ে পড়া মানুষদের মূল স্রোতে ফিরিয়ে আনার ক্ষেত্রে 'রোটারি ক্লাব অব কলকাতা লেকস্'-এর ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য। আন্তর্জাতিক নারী দিবসের পুণ্য লগ্নে হাওড়া জেলার বাগনানের অদূরে দুমদায় অবস্থিত বিবেকানন্দ শিক্ষা কেন্দ্রের আন্তরিক প্রয়াসে রোটারি ক্লাব অব কলকাতা লেকস্-এর সহযোগিতায় এক মানবিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গ্রামীণ দুঃস্থ মহিলাদের অত্যন্ত প্রয়োজনীয় স্যানিটারি ন্যাপকিন ছাড়াও সেলাই মেশিন সহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী উপহার হিসেবে প্রদান করা হয়। আন্তর্জাতিক নারী দিবসে সংশ্লিষ্ট সংস্থার এই ধরনের উদ্যোগ অবশ্যই প্রশংসার দাবি রাখে প্রত্যন্ত এই গ্রামে আরও বেশ কয়েকটি উন্নয়ন মূলক কর্মসূচির রূপায়ণের পরিকল্পনা রয়েছে রোটারি ক্লাব অব কলকাতা লেকস্-এর তরফে বলে জানান রোটারিয়ান কল্লোল হালদার ও স্বাগতা লক্ষ্মী ঘোষ সহ উদ্যোক্তারা। এদিন অনুষ্ঠানে আরও একটি উল্লেখযোগ্য বিষয় হলো হাওড়া জেলা আদালতের সরকারি আইনজীবী মদন মোহন ব্যানার্জি'কে রোটারি ক্লাব অব কলকাতা লেকস্-এর সম্মানীয় সদস্য হিসেবে সাদরে গ্রহণ করা হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রখ্যাত সাহিত্যিক আশুতোষ মুখোপাধ্যায়ের সুযোগ্য কন্যা শর্বানী মুখোপাধ্যায়, রোটারিয়ান দিপ্তি হালদার, সুদেষ্ণা ব্যানার্জি, কাশীনাথ সাহা ছাড়াও হাওড়া আদালতের জিপি মদন মোহন ব্যানার্জির সহযোগী লাল মোহন মিশ্র ও বিবেকানন্দ শিক্ষা কেন্দ্রের শিক্ষক তন্ময় পাত্র সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

Owner and Publisher - **Amit Kumar Ghosh**, Published from 16, Charu Chandra Singha Lane, P.O. & P.S. Howrah, Pin. 711101.
Printed from **Amit Kumar Ghosh**, 16, Charu Chandra Singha Lane, P.O. & P.S. Howrah, Pin. 711101.
Editor - Amit Kumar Ghosh. E-mail : ajkerhowrah@gmail.com